গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
উপজেলা কৃষি অফিসারের কার্যালয়
ফুলবাড়ী, কুড়িগ্রাম।

স্মারক নং- ২৫৭

তারিখ ঃ ২১ বৈশাখ ১৪৩২।
০৪ মে ২০২৫।

## নোটিশ

উপর্যুক্ত বিষয়ের প্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, আগামী ০৬ মে ২০২৫ খ্রি. তারিখ বেলা ১১.০০ ঘটিকায় উপজেলা পরিষদ সভা কক্ষে কৃষি ও সেচ কমিটির সভা অনুষ্ঠিত হবে। উক্ত সভায় সভাপতিত্ব করবেন জনাব রেহেনুমা তারান্নুম, প্রশাসক, উপজেলা পরিষদ, ফুলবাড়ী, কুড়িগ্রাম মহোদয়।

উক্ত সভায় যথাসময়ে উপস্থিত থাকার জন্য অনুরোধ করা হলো।

**আলোচ্য সূচি ঃ**

১। বিগত সভার কার্যবিবরণী পাঠ ও অনুমোদন।
২। উপজেলা কৃষি সম্প্রসারণ অধিদপ্তরের সার্বিক বিষয় নিয়ে আলোচনা ।
৩। বিবিধ।

০৪/০৫/২৫
(মোছাঃ নিলুফা ইয়াছমিন)
উপজেলা কৃষি অফিসার
ও সদস্য সচিব
উপজেলা কৃষি ও সেচ কমিটি
ফুলবাড়ী, কুড়িগ্রাম।

..................................................................
ফুলবাড়ী, কুড়িগ্রাম।

অনুলিপিঃ সদয় জ্ঞাতার্থে

১। প্রশাসক, উপজেলা পরিষদ, ফুলবাড়ী, কুড়িগ্রাম।
২। উপজেলা নির্বাহী অফিসার, ফুলবাড়ী, কুড়িগ্রাম।
৩। নোটিশ বোর্ড।

# পরিশিষ্ট- "ক"

## কৃষি ও সেচ কমিটির সভার হাজিরা স্বাক্ষরঃ

স্থানঃ উপজেলা পরিষদ সভা কক্ষ, ফুলবাড়ী, কুড়িগ্রাম। সভার তারিখ: ০৬/০৫/২০২৫

| ক্রমিক নং | নাম | পদবী | কমিটিতে পদবী | স্বাক্ষর |
|---|---|---|---|---|
| ১ | রেহেনুমা তারান্নুম | প্রশাসক, উপজেলা পরিষদ, ফুলবাড়ী, কুড়িগ্রাম | সভাপতি | |
| ২ | মোহাম্মদ আলী শেখ | চেয়ারম্যান ভাঙ্গামোড় ইউনিয়ন পরিষদ ফুলবাড়ী, কুড়িগ্রাম। | সদস্য | |
| ৩ | মোঃ মনিরুজ্জামান মানিক | চেয়ারম্যান কাশিপুর ইউনিয়ন পরিষদ ফুলবাড়ী, কুড়িগ্রাম। | সদস্য | |
| ৪ | মোঃ হাফিজুর রহমান | উপজেলা মৎস্য কর্মকর্তা ফুলবাড়ী, কুড়িগ্রাম। | সদস্য | |
| ৫ | মোছা: নিলুফা ইয়াছমিন | উপজেলা কৃষি অফিসার ফুলবাড়ী, কুড়িগ্রাম। | সদস্য-সচিব | |

# উপজেলা পরিষদ

ফুলবাড়ী, কুড়িগ্রাম।

বিষয় ঃ উপজেলা কৃষি ও সেচ কমিটির সভার কার্যবিবরণী।

সভাপতি ঃ রেহেনুমা তারান্নুম
প্রশাসক, উপজেলা পরিষদ
ফুলবাড়ী, কুড়িগ্রাম

তারিখ ঃ ০৬ মে-২০২৫ খ্রি.

স্থান ঃ উপজেলা পরিষদ সভা কক্ষ, ফুলবাড়ী, কুড়িগ্রাম।

সময় ঃ বেলা ১১.০০ ঘটিকা ।

সভায় উপস্থিত সদস্যবৃন্দের নামের তালিকা পরিশিষ্ট- "ক" তে দেখানো হলো।

অদ্যকার সভায় উপস্থিত সকলকে শুভেচ্ছা জানিয়ে সভার কাজ শুরু করা হয়। বিগত সভার কার্যবিবরণী পাঠ করে শোনানো হয় যা সর্বসম্মতিক্রমে গৃহীত হওয়ায় উপজেলা কৃষি অফিসার ও সদস্য-সচিব কৃষি ও সেচ কমিটিকে সভা পরিচালনার জন্য আহবান জানানো হয়। অতঃপর নিম্নোক্ত আলোচনা ও সিদ্ধান্ত গৃহীত হয়।

আলোচ্য বিষয়-২ ঃ উপজেলা কৃষি সম্প্রসারণ অধিদপ্তরের সার্বিক বিষয় নিয়ে আলোচনা

| আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়ন |
|---|---|---|
| উপজেলা কৃষি অফিসার, ফুলবাড়ী, কুড়িগ্রাম সভায় জানান যে, তাঁর বিভাগীয় কার্যক্রমসহ অন্যান্য কার্যক্রম সুষ্ঠু ও স্বাভাবিকভাবে পরিচালিত হচ্ছে। তিনি জানান যে,<br>(ক) কৃষি প্রণোদনা কর্মসূচির আওতায় ২০০ জন ক্ষুদ্র ও প্রান্তিক চাষীর মাঝে আউশ ধান বীজ ও সার বিতরণ করা হযেছে।<br>(খ) মাঠে দণ্ডায়মান বোরো ধানসহ অন্যান্য ফসলের বর্তমান অবস্থা ভালো।<br>(গ) ডিলার পর্যায়ে রাসায়নিক সার মজুদ ও বিতরণ পরিস্থিতি স্বাভাবিক রয়েছে। এ ব্যাপারে মাঠ পর্যায়ের কর্মকর্তাগণের মাধ্যমে সার ডিলারের দোকান পরিদর্শন ও মনিটরিং ব্যবস্থা জোরদার করা হয়েছে। | কৃষি বিভাগীয় কার্যক্রম সুষ্ঠুভাবে বাস্তবায়ন করতে হবে। কৃষি বিভাগের অন্যান্য কার্যক্রমসমূহ এবং মাঠ পর্যায়ের কর্মকর্তাগণের মনিরটরিং কার্যক্রম জোরদার করতে হবে। কৃষি যান্ত্রিকীকরণ প্রচেষ্টা অব্যাহত রাখতে হবে। | উপজেলা কৃষি অফিসার ফুলবাড়ী, কুড়িগ্রাম। |
| উপজেলা মৎস্য অফিসার, ফুলবাড়ী, কুড়িগ্রাম সভায় জানান যে, তাঁর বিভাগীয় কার্যক্রম স্বাভাবিকভাবে চলমান রয়েছে। মৎস্য আইন বাস্তবায়নে বিভিন্ন হাট বাজার পরিদর্শন করা হয় এবং পিরানহা মাছ ও আফ্রিকান মাগুরের ব্যাপারে সতর্ক করা হয়। ০১ নভেম্বর ২০২৪ হতে আগামী ৩০ জুন ২০২৫ পর্যন্ত জাটকা ইলিশ ধরা, ক্রয় এবং বাজারজাতকরণ নিষিদ্ধ। মৎস্য চাষির পুকুর পরিদর্শন ও পরামর্শ প্রদান চলমান রয়েছে। | সভায় আলোচনান্তে দাপ্তরিক কার্যক্রমসহ মৎস্য সম্পদের উন্নয়ন করার প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করতে হবে। | উপজেলা মৎস্য কর্মকর্তা, ফুলবাড়ী। |

পরিশেষে, বিবিধ বিষয়ে আর কোন আলোচনা না থাকায় সভায় উপস্থিত সকল সদস্যকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করা হয়।

০৬/০৫/২৫

(রেহেনুমা তারান্নুম)
প্রশাসক, উপজেলা পরিষদ
ও সভাপতি
কৃষি ও সেচ কমিটি
ফুলবাড়ী, কুড়িগ্রাম।

(চলমান পাতা)

স্মারক নং- ২৭১ তারিখ ঃ ২৫ বৈশাখ ১৪৩২।<br>০৮ মে ২০২৫।

অনুলিপি সদয় জ্ঞাতার্থে ঃ

১। প্রশাসক, উপজেলা পরিষদ, ফুলবাড়ী, কুড়িগ্রাম।
২। উপজেলা নির্বাহী অফিসার, ফুলবাড়ী, কুড়িগ্রাম।
৩। নোটিশ বোর্ড।

০৮/০৫/২৫

(মোছাঃ নিলুফা ইয়াছমিন)
উপজেলা কৃষি অফিসার
ও সদস্য সচিব
কৃষি ও সেচ কমিটি
ফুলবাড়ী, কুড়িগ্রাম।